

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪২১

ধর্মনগর, ১৯ অক্টোবর, ২০২৩

দুর্গোৎসবকে শান্তিপূর্ণ রাখতে উত্তর ত্রিপুরা জেলায় সভা

উত্তর ত্রিপুরা জেলায় আসন্ন দুর্গোৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে গতকাল এক সভা অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধনের সভাপতিত্বে জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় দুর্গোৎসবকে শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন বিষয়ে গুরুত্বারোপ করেছেন জেলাশাসক। পূজোর দিনগুলিতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, পানীয়জল সরবরাহ, পূজোর প্যাভেলগুলিতে অগ্নিনিরাপত্তা, পূজোর প্যাভেলগুলিতে দর্শনাথীদের জন্য আলাদাভাবে প্রবেশ ও বাইরে বেরোবার জন্য গেইট, পর্যাপ্ত স্বৈচ্ছাসেবক রাখা, ফাস্ট এইড বক্স রাখা, জরুরী হেল্প লাইন নাম্বার প্যাভেলগুলির সামনে লাগানো ইত্যাদি বিষয়ে সভায় আলোচনা করা হয়। জেলাশাসক সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের যথাযথ ভূমিকা নেবার জন্য নির্দেশ দিয়েছেন। পূজোর প্যাভেলগুলি গঠনগত দিক থেকে মজবুত রয়েছে কিনা তা খতিয়ে দেখার জন্য জেলাশাসক পূর্ত দপ্তরের বাস্তুকারদের নির্দেশ দিয়েছেন। এছাড়াও সভায় প্রতিমা বিসর্জন নিয়েও আলোচনা হয়। সভায় উত্তর ত্রিপুরা জেলার এস পি ভানুপদ চক্রবর্তী, ডি এফ ও এইচ ভিগ্লেশ, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, ধর্মনগরের মহকুমা শাসক বিবেক এইচ বি, পানিসাগরের মহকুমা শাসক সুভাষ আচার্য, কাঞ্চনপুরের মহকুমা শাসক রাহুল মোদি, জেলার বিভিন্ন ব্লকের বিডিওগণ, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*